দৈনিক ইত্তেফাক

তারিখ 13 FEB 1990
পৃষ্ঠা 1 কলাম 2

তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

04

# সারাদেশে ছাত্র ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (রবিবার) সারাদেশে ছাত্র ধর্মঘট পালিত হয়। ক্যাম্পাসের সাম্প্রতিক ঘটনায় কনক-হত্যা ও ছাত্রীদের মিছিলে হামলার প্রতিবাদে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ এই ধর্মঘট আহ্বান করে।

(২য় পৃঃ দ্রঃ)

## ছাত্র ধর্মঘট

(১ম পৃঃ পর)

একইভাবে ডাকসু নির্বাচনে কারচুপির অভিযোগ উত্থাপন করিয়া ইহার প্রতিবাদে ছাত্রদলও গতকাল ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছিল। কলাভবনের একইস্থানে একই সময় ছাত্রসংগ্রাম পরিষদ ও ছাত্রদল প্রতিবাদ সভা আহ্বান করায় গতকাল ক্যাম্পাসের বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়। তবে দুইটি সভা একই সময়ে অনুষ্ঠিত হয় নাই। ছাত্র সংগ্রাম পরিষদ নির্ধারিত সময়ে সভা শেষ করিয়া বিক্ষোভ মিছিল বাহির করার এক ঘন্টা পরে ছাত্রদলের সভা অনুষ্ঠিত হয়।

ছাত্রধর্মঘট পালন উপলক্ষে কেন্দ্রীয় কর্মসূচীর আওতায় ছাত্র-সংগ্রাম পরিষদ গতকাল (রবিবার) অপরাজেয় বাংলার পাদদেশে এক প্রতিবাদ সভার আয়োজন করে। সভায় বক্তারা ক্যাম্পাসের সাম্প্রতিক ঘটনায় একটি মুখচেনা মহলকে পুনরায় দায়ী করিয়া বলেন, শিক্ষার স্বার্থে যে কোন মূল্যে এই মহলকে প্রতিহত করিতে হইবে। সভায় কনক হত্যাকাণ্ডে দোষী ব্যক্তির শাস্তি দাবী করিয়া ক্যাম্পাসে শান্তি-শৃংখলা রক্ষার জন্য সংশ্লিষ্ট সকল মহলকে আহ্বান জানানো হয়।

অপরাজেয় বাংলার পাদদেশে এই সভা শেষে পরিষদের একটা বিক্ষোভ মিছিল প্রেস ক্লাবে আসিয়া শেষ হয়।

জাতীয়তাবাদী ছাত্রদল মধুর ক্যান্টিনের সামনে এক প্রতিবাদ সভায় ডাকসু নির্বাচনে ব্যাপক কারচুপির অভিযোগ আনিয়াছে। সভায় বলা হয় কারচুপি ও ষড়যন্ত্রের মাধ্যমে শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত ডাকসু নির্বাচনের ফলাফলকে আত্মসাৎ করিয়া স্বৈরাচারী সরকারের আকাঙ্খা অনুযায়ী ছাত্রদলকে পরাজিত ঘোষণা করা হইয়াছে। তাই বিশ্বাসযোগ্যতার প্রশ্নে অগ্রহণযোগ্য এই ফলাফল ছাত্রদল গ্রহণ করিতে পারে না। সভায় নির্বাচনোত্তর সন্ত্রাসী কর্মকাণ্ডে মুজিববাদী গ্রুপকে দায়ী করা হয়। ছাত্রদলের সাবেক সভাপতি শামসুজ্জামান দুদু, বর্তমান সভাপতি আসাদুজ্জামান রিপন ও সাধারণ সম্পাদক আমান উল্লাহ আমান সভায় বক্তৃতা করেন।